# ‘হুর’

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে “হুর”।

ر (রা) و (ওয়াও) ح (হা) মূল তিন অক্ষর দ্বারা গঠিত তিনটি শব্দ পবিত্র কুরআন মজীদে ১২ বার এসেছে। يَحُورَ অর্থ: “ফিরে আসা”, ১ বার। يُحَاوِرُ অর্থ: “কথাবার্তা বলছিলো”, ২ বার। حَوَارِيُونَ অর্থ: “অনুসারী”, ৫ বার। حُور অর্থ: “হুর”, ৪ বার।

হুর শব্দের অর্থ:

অধিকাংশ অনুবাদক ‘হুর’ এর অর্থ ‘হুর’ ই রেখেছেন। আরবী حُور বহুবচন। এর একবচন স্ত্রীলিঙ্গ حَوَارَاء এবং একবচন পুংলিঙ্গ اَحوَارَ, কিন্তু দু’টা একবচন শব্দেরই বহুবচন حُور

**<u>حُور এর ৪টি আয়াতের আরবি ও বাংলা অনুবাদ-</u>**

كَذَٰلِكَ وَزَوَّجْنَاهُم بِحُورٍ عِينٍ ﴿٥٤﴾

১। এইরূপই ঘটিবে; আমি উহাদেরকে দান করিব আয়তলোচনা হুর। (৪৪: ৫৪) (ইসলামী ফাউন্ডেশন, বাংলাদেশ)

এরূপই ঘটবে; তাদেরকে সঙ্গিনী দিবো বড় বড় চক্ষু বিশিষ্ট পরমা সুন্দরী। (ডক্টর মুজিবুর রহমান, কুরআনুল কারীম)

مُتَّكِئِينَ عَلَىٰ سُرُرٍ مَّصْفُوفَةٍ وَزَوَّجْنَاهُم بِحُورٍ عِينٍ ﴿٢٠﴾

২। তাহারা বসিবে শ্রেণীবদ্ধভাবে সজ্জিত আসনে হেলান দিয়া; আমি তাহাদের মিলন ঘটাইব আয়তলোচনা হুরের সঙ্গে। (৫২: ২০) (ইসলামী ফাউন্ডেশন, বাংলাদেশ)

তারা শ্রেণীবদ্ধভাবে সজ্জিত আসনে হেলান দিয়া বসবে; আমি তাদের মিলন ঘটাবো সুনয়না (বড় বড় চক্ষু বিশিষ্ট) হুরের সঙ্গে। (মুজিবুর রহমান, কোরআনুল কারীম)

حُورٌ مَّقْصُورَاتٌ فِى ٱلْخِيَامِ ﴿٧٢﴾

৩। তাহারা হুর তাঁবুতে সুরক্ষিতা। (৫৫: ৭২) (ইসলামী ফাউন্ডেশন, বাংলাদেশ)

তাঁবুতে থাকবে সুরক্ষিত হুর। (মুজিবুর রহমান, কোরআনুল কারীম)

وَحُورٌ عِينٌ ﴿٢٢﴾

৪। আর তাহাদের জন্য থাকিবে আয়তলোচনা হুর। (৫৬: ২২) (ইসলামী ফাউন্ডেশন, বাংলাদেশ)

আর (তাদের জন্য থাকবে) সুন্দর চক্ষুধারী হুর। (ডক্টর মুজিবুর রহমান, কুরআনুল কারীম)

## Ayah ad-Dukhan 44: 54

Muhammad Asad

Thus shall it be. And We shall pair them with companions pure, most beautiful of eye

M. M. Pickthall

Even so (it will be). And We shall wed them unto fair ones with wide, lovely eyes

Yusuf Ali (Saudi Rev. 1985)

So; and We shall join them to fair women with beautiful, big, and lustrous eyes

The Clear Quran, Dr. Mustafa Khattab

So it will be. And We will pair them to maidens with gorgeous eyes.

Safi Kaskas

So it will be. And We shall pair them with Hoor Ein.

Wahiduddin Khan

so it will be. We shall wed them to maidens with large, dark eyes

Shakir

Thus (shall it be), and We will wed them with Houris pure, beautiful ones

Dr. Laleh Bakhtiar

Thus, *it is so*. We will give in marriage lovely, most beautiful eyed ones.

T.B.Irving

and We will wed them to dark-eyed damsels

Abdul Hye

So (it will be), and We shall marry them to Houris (fair females) with wide lovely eyes.

The Study Quran

Thus it is. And We shall wed them to wide-eyed maidens

Dr. Kamal Omar

Like this (they will pass their life), and We provided them company of *Hur* (wonderful members of a new creation, with very fair skin, and raven-black cornea on a snow-white sclera) *Eein* (possessing beautiful wide eyes)

Farook Malik

Such shall be their place! And We shall wed them to Hourin-Ayn (damsels with beautiful big and lustrous eyes)

Talal A. Itani (new translation)

So it is, and We will wed them to lovely companions

Muhammad Mahmoud Ghali

Thus (it will be); and We will espouse them to wide-eyed h?r (Fair females in paradise)

Muhammad Sarwar

We shall unite them to maidens with big black and white lovely eyes

Muhammad Taqi Usmani

Thus (it will happen,) and We will marry them with houris having big dark eyes

Shabbir Ahmed

Thus shall it be. And We shall pair them with virtuous companions of beautiful vision

Dr. Munir Munshey

Thus shall it be! And We shall wed them to the fair females with big beautiful eyes

Syed Vickar Ahamed

Like this, (it will be!) We shall enjoin them the companions with beautiful, big and lovely eyes

Umm Muhammad (Sahih International)

Thus. And We will marry them to fair women with large, [beautiful] eyes

[The Monotheist Group] (2011 Edition)

So it is, and We coupled them with wonderful companions

Abdel Haleem

so it will be. We shall wed them to maidens with large, dark eyes

Abdul Majid Daryabadi

Even so. And We shall pair them with fair damsels large- eyed

Ahmed Ali

Just like that. We shall pair them with companions with large black eyes

Aisha Bewley

So it will be. We will marry them to dark-eyed maidens.

Ali Ünal

Just so it will be. And We will assign for them maidens pure, most beautiful of eye

Ali Quli Qara'i

So shall it be, and We shall wed them to black-eyed houris

Hamid S. Aziz

Thus shall it be, and We will join them with Houris (pure and beautiful companions) with wide, lovely eyes

Ali Bakhtiari Nejad

It is like that. And We marry them to appealing girls with beautiful eyes

A.L. Bilal Muhammad et al (2018)

And We will join them to companions with beautiful eyes

Musharraf Hussain

That’s how it will be, We shall wed them with pure spouses with gorgeous eyes.

Maududi

Thus shall it be: and We shall espouse them to fair, wide-eyed maidens

[The Monotheist Group] (2013 Edition)

So it is, and We married them to wonderful companions

Mohammad Shafi

Thus shall it be! And We shall give them Houris with lovely eyes as companions

## **Ayah at-Tur 52: 20**

Muhammad Asad

reclining on couches [of happiness] ranged in rows!" And [in that paradise] We shall mate them with companions pure, most beautiful of eye

M. M. Pickthall

Reclining on ranged couches. And we wed them unto fair ones with wide, lovely eyes

Yusuf Ali (Saudi Rev. 1985)

They will recline (with ease) on Thrones (of dignity) arranged in ranks; and We shall join them to Companions, with beautiful big and lustrous eyes

The Clear Quran, Dr. Mustafa Khattab

They will be reclining on thrones, ˹neatly˺ lined up ˹facing each other˺. And We will pair them to maidens with gorgeous eyes.

Safi Kaskas

Reclining on luxurious furniture, beautifully arranged laced, We will pair them with Hoor Ein.

Wahiduddin Khan

reclining on couches arranged in rows. And We shall wed them to fair maidens with large beautiful eyes

Shakir

Reclining on thrones set in lines, and We will unite them to large-eyed beautiful ones

Dr. Laleh Bakhtiar

They will be ones who are reclining on couches arrayed. And We will give in marriage to them lovely, most beautiful eyed ones.

T.B.Irving

Relaxing on couches all lined up, We will pair them off with dark-eyed damsels!.

Abdul Hye

They will recline (with ease) on thrones arranged in ranks. And We shall marry them to lovely maidens with wide lovely eyes.

The Study Quran

reclining upon couches arrayed, and We shall wed them to wide-eyed maidens

Dr. Kamal Omar

recliners on couches arranged in rows; and We provided them the company of *Hurin Eenin*

Farook Malik

They shall recline on couches arranged in rows; and We shall wed them with beautiful Huris (damsels)

Talal A. Itani (new translation)

Relaxing on luxurious furnishings; and We will couple them with gorgeous spouses

Muhammad Mahmoud Ghali

Reclining upon ranged settees. And We will marry them to wide-eyed huras

Muhammad Sarwar

They will recline on couches arranged in rows and We shall couple them with maidens with large, lovely eyes

Muhammad Taqi Usmani

relaxing on lined up couches. And We will marry them with big-eyed houris

Shabbir Ahmed

Relaxing on couches with beautiful interior decoration. And We will match them with neat companions, most beautiful of Vision

Dr. Munir Munshey

They shall recline on thrones arranged in rows (as per their ranks). We will wed them with the lovely-eyed (heavenly) nymphs (of paradise)

Syed Vickar Ahamed

They will rest (in comfort) on Thrones (of dignity) arranged in ranks; And We shall join them to companions, with beautiful, wide and lovely eyes

Umm Muhammad (Sahih International)

They will be reclining on thrones lined up, and We will marry them to fair women with large, [beautiful] eyes

[The Monotheist Group] (2011 Edition)

They recline on arranged furnishings, and We coupled them with wonderful companions

Abdel Haleem

They are comfortably seated on couches arranged in rows; We pair them with beautiful-eyed maidens

Abdul Majid Daryabadi

Reclining on couches ranged. And We shall couple them with maidens wide eyed

Ahmed Ali

They would recline on couches set in rows, paired with fair companions (clean of thought and) bright of eye

Aisha Bewley

They will recline on couches ranged in rows and We will marry them to dark-eyed maidens.

Ali Ünal

They will recline on thrones arranged; and We have assigned for them maidens pure, beautiful of eye

Ali Quli Qara'i

They will be reclining on arrayed couches, and We will wed them to big-eyed houris

Hamid S. Aziz

Reclining on thrones set in ranks, and We will unite them to large-eyed beautiful ones (Houri)

Ali Bakhtiari Nejad

Leaning on couches lined up in rows, and We marry them to appealing girls with beautiful eyes

A.L. Bilal Muhammad et al (2018)

They will recline on thrones arranged in ranks, and We will join them to companions with beautiful eyes

Musharraf Hussain

*They will* rest on *comfortable* sofas *gracefully* arranged in rows, and We shall marry them with spouses with beautiful eyes

Maududi

The God-fearing shall be reclining on couches facing each other, and We shall wed them to maidens with large, beautiful eyes

[The Monotheist Group] (2013 Edition)

They recline on arranged beds, and We married them to wonderful companions.

Mohammad Shafi

"Reclining on couches ranged in rows!" And We shall give them Houris with lovely eyes as companions

## ❖ হাদিস

উম্মে সালামা রা: বলেছেন, আমি রাসূল সা:কে জিজ্ঞেস করলাম: হে আল্লাহর রাসূল! পৃথিবীর নারীরাই উত্তম না হুরেরা? রাসুল সাঃ উত্তর দিলেন: হুরদের তুলনায় পৃথিবীর নারীদের মর্যাদা ঠিক ততটাই বেশি যতটা বেশি মর্যাদা আবরণের চেয়ে তার ভিতরের বস্তুর। আমি জিজ্ঞেস করলাম এর কারণ কি? তিনি বললেন: কারণ পৃথিবীর নারী সালাত আদায় করেছে, সওম রেখেছে এবং ইবাদত বন্দেগী করেছে। (তাবারানী)

## ❖ একজন তাফসীরকারকের ব্যাখ্যা

যেসব নারীরা দুনিয়াতে ঈমান এনেছিল এবং নেক কাজের উপর প্রতিষ্ঠিত থেকেই দুনিয়া থেকে বিদায় নিয়েছিল তারাই হবে জান্নাতবাসীদের স্ত্রী। তারা নিজেদের ঈমান ও নেক আমলের ফলশ্রুতিতে জান্নাতে যাবে এবং একান্ত নিজস্বভাবেই জান্নাতের নেয়ামত লাভের অধিকারিনী হবে।

তারা নিজেদের ইচ্ছা ও পছন্দ অনুসারে হয় নিজেদের পূর্বতম স্বামীদের স্ত্রী হবে, যদি তারাও জান্নাতবাসী হয়। নয়তো আল্লাহ তা'আলা তাদেরকে অন্য কোন জান্নাতবাসী পুরুষের সাথে বিয়ে দিয়ে দেবেন যদি তারা উভয়েই পরস্পরের সহচর্য ও বন্ধুত্ব পছন্দ করে।

'হুর' তারা নিজেদের কোন নেক কাজের ফলশ্রুতিতে নিজ অধিকারের ভিত্তিতে জান্নাতবাসি হবে না। বরং জান্নাতের অন্যান্য নেয়ামতের মত একটি নেয়ামত হিসাবে আল্লাহ তাদেরকে যুবতী, সুন্দরী ও রূপবতী নারীর আকৃতি দিয়ে জান্নাতবাসীদেরকে নেয়ামত হিসাবে দান করবেন যাতে তারা তাদের সাহচর্য উপভোগ করতে পারে।

খুব সম্ভব তারা হবে সেইসব নিষ্পাপ মেয়ে যারা প্রাপ্তবয়স্ক হওয়ার আগেই মৃত্যুবরণ করেছিল। তাদের পিতামাতা ও জান্নাত লাভ করেনি, যে সন্তান হিসাবে পিতা-মাতার সাথে জান্নাত লাভের সুযোগ পাবে।

সম্ভবত এরা সেই সব ছেলে হবে যারা প্রাপ্ত বয়স্ক হবার আগেই দুনিয়া থেকে বিদায় নিয়েছে এবং যাদের পিতা-মাতা জান্নাত লাভের অধিকারী হয়নি। অনুমানের ভিত্তিতে এ কথা বলা যেতে পারে যে, এই ধরনের ছেলেদের যেমন জান্নাতবাসিদের সেবায় নিযুক্ত করে দেয়া হবে এবং তারা হামেশা বালকই থাকবে। ঠিক তেমনি এ ধরনের মেয়েদেরকে জান্নাতবাসিদের জন্য হুরে পরিণত করা হবে এবং চিরকাল উঠতি বালিকাই থাকবে। অবশ্যই এ সম্পর্কে আল্লাহই ভালো জানেন।

## ❖ সুনানে তিরমিজি হাদীস নম্বর ১৬৬৩

আল্লাহর পথে শহীদগণ আল্লাহর কাছ থেকে বিচারের দিন ছয়টা প্রতিদান পাবেন। তার মধ্যে ৫ম টি হচ্ছে তারা ৭২ জন হুর তাদের স্ত্রী হিসাবে পাবেন। (হাদীসটি হাসান)

## ❖ হাসান হাদীসের পরিচয়:

“তবে সনদের কোন রাবীর নির্ভুল বর্ণনার ক্ষমতা কিছুটা দুর্বল বলে বুঝা যায়। তার বর্ণিত হাদিসের মধ্যে কিছু অনিচ্ছাকৃত ভুল ত্রুটি লক্ষ করা যায়। এরূপ রাবীর বর্ণিত হাদীস হাসান বলে গণ্য”।

‘তবে সাধারন পাঠকের জন্য বলতে পারি একজন বিচারক খুনের অভিযোগে অভিযুক্তকে দীর্ঘমেয়াদী শাস্তি দেন, কিন্তু মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন শাস্তি প্রদান করেন না, সে পর্যায়ের প্রমাণাদির ভিত্তিতে মুহাদ্দিসগণ একটি হাদীসকে হাসান বলে গণ্য করেন’ যেসকল বর্ণনাকারীর বর্ণিত হাদিস হাসান বা গ্রহণযোগ্য বলে প্রমাণিত হয়েছে তাদের গ্রহণযোগ্যতা বুঝাতে মুহাদ্দিসগণ আরবিতে -

(صالح الحديث, شيخ, لاباس, صدوق) সত্যপরায়ণ,অসুবিধা নেই, চলনসই ইত্যাদি শব্দ ব্যবহার করেছেন। (ডঃ খন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর এর ‘হাদীসের নামে জালিয়াতি’ বইয়ের ১৩৪ পৃষ্ঠা)

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, আমাদেরকে মৃত্যু বরণ করতে হবে এবং জান্নাত অথবা জাহান্নাম আমাদেরকে দুনিয়ার আ’মলের ভিত্তিতে পরকালে দেয়া হবে। দুনিয়ার জীবনের জ্ঞান দিয়ে (খুবই সীমিত জ্ঞান) সব আমরা বুঝতে পারবো না। তবে আল্লাহর কালাম আল কোরআন ও সহীহ হাদীস আমাদেরকে বিশ্বাস করতে হবে এবং সে মোতাবেক সৎ কাজ ও ইবাদত করে যেতে হবে।

আল্লাহ আমাদেরকে দ্বীনের সঠিক বুঝ দান করুন এবং আমাদের থেকে COVID-19 সহ সমস্ত বা’লা-মুসিবত দূর করে দিন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।